

# একটি মানবিক আবেদন

## ব্রাহ্মণবাড়িয়ায় টর্নেডোয় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ান

আমার প্রিয় ভাই, বন্ধু, শুভাকাঙ্ক্ষী ও পাঠকগণ,

আসসালামু আলাইকুম। আপনারা সবাই অবগত আছেন যে গত ২২শে মার্চ শুক্রবার বিকেলে আমার প্রিয় জন্মভূমি ব্রাহ্মণবাড়িয়া জেলায় ইতিহাসের সবচেয়ে ভয়ঙ্কর ও প্রলয়ংকরী টর্নেডোর ছোবলে প্রায় অর্ধশতাধিক গ্রাম লণ্ডভণ্ড হয়ে গেছে। বিশেষকরে আমার নিজ

গ্রামের পশ্চিমে অবস্থিত প্রায় প্রতিটি গ্রামই এ ভয়ংকর ট্র্যাজেডির শিকার হয়। কিছু কিছু মানুষের মনে ধারণা জন্মেছিল যে এই বুঝি কিয়ামত। টর্নেডোটি প্রায় ১০ মিনিট স্থায়ী হয়। বাবা-মা এবং পরিবারের অন্যান্যদের সাথে কথা বলে জানতে পারলাম, এর ফলে কয়েকশত লোকের প্রাণহানি হওয়ার সম্ভাবনা রয়েছে। এখনো নিখোঁজ রয়েছেন অসংখ্য লোক। আহত ও পঙ্গু হয়েছেন কয়েক হাজার। পুরোপুরি ধ্বংস হয়েছে এবং মাটির সাথে মিশে গেছে কয়েক হাজার বসত-বাড়ি, দোকানপাট, রাস্তাঘাট, বিদ্যুৎ-সংযোগ, আবাদি জমি, গাছপালা, যানবাহন, গৃহপালিত পশু-পাখিসহ প্রায় ৫০০ থেকে ১০০০ কোটি টাকার সম্পদ। বাড়ি-ঘর, সহায়-সম্বল ও স্বজন হারিয়ে খোলা আকাশের নিচে আর্তনাদ করছেন সেখানকার হাজার হাজার মানুষ। কোথায় রাত যাপন করবেন, কি খাবেন, ছোট ছোট শিশু, কন্যা ও পরিজনদের নিয়ে কীভাবে পার করবেন বাকি জীবন ইত্যাদি প্রশ্নের কোনও উত্তর খুঁজে পাচ্ছেন না।

এমতাবস্থায় আমাদের মানবিক দায়িত্ব আমাদের সাধ্যমত তাদের পাশে দাঁড়ানো। প্রতিটি পরিবারের যে পরিমাণ ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ করার সাধ্য আমাদের কারও নেই; তবে আমরা ইচ্ছে করলেই পারি কারও কারও মুখে এক বা দুই বেলার আহার তুলে দিতে, চিকিৎসার খরচ বাবদ ও তাদের বাড়ি-ঘড় পুনর্বাসনে কিছুটা হলেও ভূমিকা রাখতে। যেহেতু কাউকে না কাউকে উদ্যোগ নিতে হয়, আমি কিছু লোকের অনুপ্রেরণা ও নিজ আগ্রহে এ ক্ষুদ্র প্রচেষ্টায় শরিক হতে চাচ্ছি। আজ আমার এলাকায় হয়েছে, খোদা না করুক কাল অন্য কারো এলাকায় হলে আমাদের সকলকেই এগিয়ে আসতে হবে। ইতিমধ্যেই বিভিন্ন জাতীয় দৈনিকে লেখালেখি হয়েছে যে অনেক জায়গায়ই এখনো ত্রাণ পৌঁছেনি। কোথাও কোথাও সরকারী ও বেসরকারি ভাবে বিভিন্ন ত্রাণ তহবিলের ঘোষণা দেয়া হলেও অনিয়ম ও স্বজন-প্রীতির অভিযোগ উঠেছে। অনেকেই দলীয় বিবেচনায় গুটিকয়েক লোকদের সাহায্য করছেন। এভাবে আরও অনেক অভিযোগ।

আমি কথা দিচ্ছি, আপনাদের সাহায্যের প্রতিটি টাকা, ডলার বা অর্থ ক্ষতিগ্রস্তদের খাদ্য, চিকিৎসা ও পুনর্বাসনের কাজে ব্যয় করব ইন্-শাআল্লাহ্। বিনা সংকোচে আপনাদের সাধ্যমত সাহায্যের হাত বাড়িয়ে দিন এবং আল্লাহর কাছে প্রার্থনা করুন যাতে তিনি আমাদের এ দুর্যোগ মোকাবেলা করার শক্তি দেন এবং ভবিষ্যতে যেকোনো প্রাকৃতিক দুর্যোগ থেকে আমাদের সকলকে রক্ষা করেন। আল্লাহ্ আপনাদের সকলের মঙ্গল করুন। আমিন।

### অস্ট্রেলিয়ার ব্যাংক অ্যাকাউন্ট ডিটেলসঃ

Account Name: Arifur Rahman Khadem  
BSB No: 012260  
Account No: 554571059  
Bank: ANZ

### বাংলাদেশে ব্যাংক অ্যাকাউন্ট ডিটেলসঃ

Bank: Al Arafah Islami Bank  
Account Name: Noorjahan Begum  
Account No: 0711120009123



### ধন্যবাদান্তে,

আরিফুর রহমান খাদেম  
সিডনি, অস্ট্রেলিয়া

ফোন: 0403494395

ইমেলঃ [arifurk2004@yahoo.com.au](mailto:arifurk2004@yahoo.com.au)